

আল-মুমিনুন | Al-Mu'minun | الْمُؤْمِنُونَ

আয়াতঃ ২৩ : ৭২

আরবি মূল আয়াত:

أَمْ تَسْأَلُهُمْ خَرْجًا فَخَرَّاجُ رَبِّكَ خَيْرٌ * وَهُوَ خَيْرُ الرَّزَاقِينَ ﴿٧٢﴾

অনুবাদসমূহ:

নাকি তুমি তাদের কাছে কোন প্রতিদান চাও? তবে তোমার রবের প্রতিদান সর্বোত্তম। আর তিনিই সর্বোত্তম রিযকদাতা। — আল-বায়ান

অথবা তুমি কি তাদের কাছ থেকে কোন প্রতিদান চাও? তোমার প্রতিপালকের প্রতিদানই সর্বোত্তম, আর তিনিই সর্বশ্রেষ্ঠ রিযকদাতা। — তাইসিরুল

অথবা তুমি কি তাদের কাছে কোন প্রতিদান চাও? তোমার রবের প্রতিদানই শ্রেষ্ঠ এবং তিনিই শ্রেষ্ঠ রিযকদাতা। — মুজিবুর রহমান

Or do you, [O Muhammad], ask them for payment? But the reward of your Lord is best, and He is the best of providers. — Sahih International

৭২. নাকি আপনি তাদের কাছে কোন প্রতিদান চান?(১) আপনার রব-এর প্রতিদানই তো শ্রেষ্ঠ এবং তিনিই শ্রেষ্ঠ রিযকদাতা।

(১) এটি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নবুওয়াতের পক্ষে একটি গুরুত্বপূর্ণ প্রমাণ। অর্থাৎ নিজের এ কাজে আপনি পুরোপুরি নিঃস্বার্থ। কোন ব্যক্তি সততার সাথে এ দোষারোপ করতে পারে না যে, নিজের কোন ব্যক্তিগত স্বার্থসিদ্ধির উদ্দেশ্যে আপনার সামনে রয়েছে তাই আপনি এ প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। এটি এমন একটি যুক্তি যা কুরআনে শুধুমাত্র রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামেরই নয় বরং সাধারণভাবে সকল নবীর সত্যতার প্রমাণ হিসেবে বারবার পেশ করা হয়েছে। [যেমনঃ সূরা আল আনআমঃ ৯০; সূরা ইউনুসঃ ৭২; সূরা হূদঃ ২৯ ও ৫১; সূরা ইউসুফঃ ১০৪; সূরা আল ফুরকানঃ ৫৭; সূরা আশ শু'আরাঃ ১০৯, ১২৭, ১৪৫, ১৮০; সাবাঃ ৪৭; সূরা ইয়াসিনঃ ২১; সূরা সা'দঃ ৮৬; সূরা আশ-শূরাঃ ২৩ ও সূরা আন নাজমঃ ৪০]।

তাফসীরে জাকারিয়া

(৭২) অথবা তুমি কি তাদের কাছে কোন প্রতিদান চাও? তোমার প্রতিপালকের প্রতিদানই শ্রেষ্ঠ এবং তিনিই শ্রেষ্ঠ রুযীদাতা।

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2745>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন